

**বোর্ডের বইয়ে বিভ্রান্তিকর তথ্য**

পুঁটো গ্রন্থের উপগ্রহ কয়টি? জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ১৯৯৬ ইং শিক্ষাবর্ষে ছইতে নবম শ্রেণীর বিজ্ঞান শাখার ছাত্র-ছাত্রীদের জন্য নতুন প্রবর্তিত সামাজিক বিজ্ঞান বইয়ের তৃতীয় অধ্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদে পুঁটো গ্রন্থ বিষয়ক বর্ণনার ৪র্থ লাইনে বলা হইয়াছে—এর কোন উপগ্রহ নাই। আবার ৬ষ্ঠ লাইনেই উল্লেখ করা হইয়াছে—এর একটি উপগ্রহ রয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ন্যায় একটি অতি গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক এহেন বিভ্রান্তিকর তথ্য পরিবেশন কোমলমতি শিক্ষার্থীদের স্বস্থ জ্ঞান আহরণের অনকল নিশ্চয়ই নয়। আমার জানা মতে পুঁটোর একটি উপগ্রহ আছে। সুতরাং যত তাড়াতাড়ি সম্ভব এ বিষয়ে সঠিক তথ্য পরিবেশন করিয়া লক্ষ লক্ষ শিক্ষার্থীকে বিভ্রান্তি হইতে রেহাই দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হচ্ছে।

—মোঃ শওকত আলী, হেতম বান, রাজশাহী।